

ঢাবির মুহসীন হল থেকে রামদা ছুরি জন্ম

বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

৩১ অক্টোবর ২০১৯ ০০:০০ | আপডেট: ৩১ অক্টোবর ২০১৯ ০০:৩৬



আমাদের মমতা

ঢাকা বিশ্ববিদ্যালয়ের হাজী মুহম্মদ মুহসীন হলের ছাদ থেকে কাপড়ে মোড়ানো ১০টি রামদা, দুটি ছুরি ও দুটি লোহার পাইপ জন্ম করা হয়েছে। গতকাল হলের প্রাধ্যক্ষ অধ্যাপক মো. নিজামুল হক ভুঁইয়া স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, গত ২৯ অক্টোবর সকালে হলের পরিচ্ছন্নতাকর্মী ডাইনিংয়ের ছাদ পরিষ্কার করতে যান। এ সময় তিনি সেখানে কাপড়ে মোড়ানো একটি প্যাকেট দেখে অফিসকে জানান। অফিসে আনার পর প্যাকেটটি খুলে এসব অস্ত্র পাওয়া যায়।

এ বিষয়ে হলের প্রাধ্যক্ষ অধ্যাপক মো. নিজামুল হক ভুঁইয়া বলেন, ধারণা করছি বহিরাগত ও অচান্তদের বিতাড়নের অভিযানের মুখে হলের ছাত্রদের মধ্যে কেউ এগুলো ছাদে ফেলে রেখেছে। ঘটনাটি খতিয়ে দেখতে হলের দুজন আবাসিক শিক্ষককে নিয়ে একটি তদন্ত কর্মসূচি গঠন করা হয়েছে বলে জানান তিনি।

